

**সেবার মৌলিক তথ্যাবলী :**

সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	দাপ্তরিক সময়
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা	অতিরিক্ত পরিচালক(হিসাব) উপ-পরিচালক(জনসংযোগ) সহকারী(হিসাব)	জনসংযোগ কর্মকর্তা সচিবালয় বিভাগ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা	সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০টা

**সেবা প্রদানের  
সংক্ষিপ্ত বিবরণ**

১। আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট চেক প্রদান মাসের মধ্যে কল্যাণ ভাতা প্রদানের দপ্তর আদেশ জারি করা হবে।  
২। চার মাস অন্তর অন্তর কল্যাণভাতা চেকের মাধ্যমে পরিশোধ করা হয়।  
৩. এ সংক্রান্ত সকল তথ্য কর্তৃপক্ষের ওয়েবসাইট ([www.biwta.gov.bd](http://www.biwta.gov.bd)) থেকে জানা যাবে

**সেবা প্রাপ্তির  
শর্তাবলি**

১. কর্তৃপক্ষে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষম হলে তার পরিবারকে অনধিক ১৫ (পনের) বছর পর্যন্ত কল্যাণভাতা প্রদান করা হয় এবং কর্মকর্তা কর্মচারী অবসরগ্রহণের ১০ বছরের মধ্যে মৃত্যুবরণ করলে, মৃত্যুর তারিখের পরের দিন হতে ১০ বছর পূর্ণ হওয়ার অবশিষ্ট সময় পর্যন্ত কল্যাণভাতা পাবেন  
২. নির্ধারিত আবেদন ফরম নং ০২ পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রতিস্বাক্ষর করে সংযুক্ত করত সদস্য-সচিব, বিআইডব্লিউটিএ বেনাভোলেন্ট ফান্ড, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল, বা/এ, ঢাকা বরাবরে একটি অগ্রায়ন পত্রের মাধ্যমে প্রেরণ করতে হয়  
৩. মৃত ব্যক্তির একাধিক স্ত্রী (আবেদনকারী) থাকলে প্রত্যেককে পৃথক ফরমে আবেদন করতে হয়  
৪. সমস্ত সনদপত্র অফিস কর্তৃক প্রতি স্বাক্ষর করে প্রেরণ করতে হয়  
৫. মৃত্যুর পরবর্তী ৬ মাসের মধ্যে আবেদন দাখিল করতে হয়

**প্রয়োজনীয়  
কাগজপত্র**

১. আবেদনপত্রের সাথে কর্মচারীর জন্ম তারিখ/বয়স প্রমাণের জন্য চাকরি বইয়ের ৩য় পৃষ্ঠা/এসএসসি পাশ সনদের সত্যায়িত কপি;  
২. মৃত কর্মচারীর মৃত্যুর সনদের সত্যায়িত কপি (ডাক্তার/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত);  
৩. সকল উত্তরাধীকারী কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত ক্ষমতাপত্র;  
৪. কর্মচারী/আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;  
৫. আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর এর সত্যায়িত কপি (নমুনা স্বাক্ষরের ফটোকপি গ্রহণযোগ্য নয়);  
৬. ওয়ারিশ সনদ -স্ত্রী/স্বামী, মা-বাবার ও সন্তানদের বয়স, বর্তমান পেশা, বিবাহিত কিনা উল্লেখপূর্বক ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের কপি;  
৭. শেষ বেতনের তারিখ উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র;  
৮. স্ত্রীর ক্ষেত্রে পুনরায় বিবাহ না হওয়ার এবং কন্যা ও ভগ্নির ক্ষেত্রে বিবাহ না হওয়ার সনদ;  
৯. পিআরএল ছুটি ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে পিআরএল মঞ্জুরি আদেশের সত্যায়িত কপি;  
১০. কর্মচারী মুক্তিযোদ্ধা হলে তার পক্ষে প্রয়োজনীয় প্রমাণপত্র;  
১১. কর্মচারীর মৃত্যুর পর আবেদন দাখিল করতে ৬ মাসের বেশি বিলম্ব হলে কর্তৃপক্ষের মাধ্যমে বিলম্বের ব্যাখ্যা প্রদান;  
১২. ওয়ারিশগণ নাবালক হলে অভিভাবকত্বের সনদ প্রদান।

**প্রয়োজনীয় ফি  
সংশ্লিষ্ট আইন**

এজন্য কোন ফি **প্রয়োজন হয় না।**

বিআইডব্লিউটিএ বেনাভোলেন্ট ফান্ড বিধিমালা-১৯৮৩, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা ২০০৬ অনুযায়ী।

**অনুদান প্রদানের  
সময়**

০১। জুলাই-অক্টোবর

০২। নভেম্বর-ফেব্রুয়ারি

০৩।মার্চ- জুন